গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
(www.dgt.gov.bd)

নং-০৫.০৩.০০০০.০০২.১১.০০৬.২২-৫৭০ তারিখ : ১৫/০৬/২০২২ খ্রি.

নিয়োগপত্র

সরকারি যানবাহন অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটির ১৬/০২/২০২২ খ্রি. ও ১৭/০২/২০২২ খ্রি. তারিখের সভায় সুপারিশকৃত এবং স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই কার্যক্রমে উত্তীর্ণ নিম্নবর্ণিত প্রার্থীকে 'টাইম কিপার' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডে (৯৩০০-২২৪৯০/-) রাজস্ব খাতের স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

ক্রম	প্রার্থীর নাম ও পিতা-মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১	জনাব মো: রাসেল পিতার নাম- মো: তাজুল ইসলাম মাতার নাম- শাহানুর বেগম	বাসা-হাওলাদার বাড়ি, বিসিক রোড গ্রাম-চরনাপ্তা (৯ নং ওয়ার্ড) ডাকঘর-সুকদেব-৮৩০০ উপজেলা- ভোলা সদর, জেলা- ভোলা	বাসা-হাওলাদার বাড়ি, বিসিক রোড গ্রাম-চরনাপ্তা (৯ নং ওয়ার্ড) ডাকঘর-সুকদেব-৮৩০০ উপজেলা- ভোলা সদর, জেলা- ভোলা

০২। নিয়োগের শর্তাবলি :

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) যোগদানকৃত প্রার্থী যোগদানের তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৬ অনুযায়ী বেতন ও সরকারি বিধি অনুযায়ী অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনোরকম কারণ দর্শানো ছাড়াই তার চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(চ) চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;

(ছ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না;

(জ) উক্ত পদে যোগদানের সময় সরকারি অথবা আধাসরকারি সংস্থায় চাকুরিরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদান দাখিল করতে হবে।

০৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৯.০৬.২০২২ খ্রি. তারিখ পূর্বাহ্নে পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুস সাত্তার)
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
ফোন : ০২-২২৩৩৮৩৪২১
e-mail : poripool@gmail.com

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-০৫.০৩.০০০০.০০২.১১.০০৬.২২-৫৭০ তারিখ : ১৫/০৬/২০২২ খ্রি.

অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক (সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।
৮. প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
১০. জনাব .....।
১১। অফিস কপি।

১৫/৬/২২

(মোঃ আবদুস সাত্তার)
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।